

## মানুষের বিবর্তনের ইতিহাস কি পাল্টে যাবে ?

❖ ড: রণেন্দ্র চন্দ্র নাথ ।

বিজ্ঞানের ছাত্র হিসাবে আমরা সবাই জানি পৃথিবীতে প্রথম প্রাণের সৃষ্টি হয়েছিল আজ থেকে প্রায় ৩৫০ কোটি বছর আগে । আর প্রথম সৃষ্ট ঐ প্রাণের কোটি কোটি বছরের পরিবর্তনে এসেছে পৃথিবীর সর্বশ্রেষ্ঠ জীব মানুষ । স্বভাবতই মানুষের সৃষ্টি সম্পর্কে জানার আগ্রহ কার নেই । কিন্তু মুশকিলটা হল, বিজ্ঞান পরিবর্তনশীল, আর সেই পরিবর্তনের প্রভাবমুক্ত নয় মানুষের বিবর্তনও । আমরা এতদিন জানতাম আজ থেকে প্রায় ২৩০ কোটি বছর আগের আদিম বনমানুষ ড্রায়োপিথেকাস নানান থেকে একটি পথে র্যামাপিথেকাস নানান, অষ্ট্রালোপিথেকাস আফারেনসিস, হোমো হ্যাবিলিস, হোমো ইরেকটাস, হোমো স্যাপিয়েন্স হয়ে বর্তমানের জীবিত মানুষ হোমো স্যাপিয়েন্স স্যাপিয়েন্স-এর আবির্ভাব ঘটেছে আজ থেকে মাত্র ৩০ হাজার বছর আগে ।

কিন্তু সদ্য দক্ষিণ আফ্রিকার একটি সমাধি-গুহা থেকে আবিষ্কৃত হোমো নালেডি নামক একটি প্রাচীন প্রজাতির দেহাবশেষ আমাদের এতদিনের জানা মানুষের বিবর্তন ধারাকে হয়ত পাল্টে দিতে যাচ্ছে । কারণ সদ্য আবিষ্কৃত এই জীবাশ্মের সঙ্গে মানুষের আদি প্রজাতির মিল অনেকটাই । বিজ্ঞানীরা গত ১০ই সেপ্টেম্বর, ২০১৫ইং বৃহস্পতিবার বলেছেন - এই জীবাশ্মের আবিষ্কার মানুষের বিবর্তন বা ক্রমবিকাশের গবেষণায় একটি নতুন মাত্রা যোগ করল । দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গের কাছাকাছি ঐ গুহা থেকে পাওয়া জীবাশ্ম বা হাড় গুলি সর্বমোট ১৫টি প্রাণীর এবং ঐ সমাধি গুহার গভীর থেকে গবেষকরা আরো প্রায় ১,৫০০টি জীবাশ্ম উদ্ধার করেছেন । গবেষকরা এগুলির বয়স সম্পর্কে এখনো নিশ্চিত হননি । তবে ঐ গবেষক দলটির প্রধান অর্থাৎ উইটওয়াটার্সব্যালাভ বিশ্ববিদ্যালয়ের প্রত্ন-নৃতত্ত্ববিদ লি. বার্গার বলেছেন যে, তাঁরা মানব সদৃশ একটি নতুন প্রজাতির প্রাণীর সন্ধান পেয়েছেন, যারা বর্তমান মানুষের মত । তাদের মৃতদেহ গুলিকে সমাধি করত । এতদিন পর্যন্ত বিজ্ঞানী তথা আধুনিক মানুষদের ধারণা ছিল একমাত্র হোমো সেপিয়েন্স প্রজাতির প্রাণীই তাদের মৃতদেহকে সমাধি করত ।

লন্ডনস্থিত ন্যাচারাল হিস্ট্রি মিউজিয়ামের অধ্যাপক ক্রিস স্টিংগার-এর বক্তব্য হল একসঙ্গে ১৫টি প্রাণীর ফসিল আবিষ্কার একটি গুরুত্বপূর্ণ ঘটনা এবং এই আবিষ্কার মানুষের প্রচলিত বংশতালিকাতে জটিলতা সৃষ্টি করেছে, যার জন্য এদের উৎস ও ক্রমবিকাশের ইতিহাস জানার জন্য আরো গবেষণা একান্ত প্রয়োজন । আবিষ্কৃত এই প্রাণীর হাত ও পায়ের অস্থির সঙ্গে আধুনিক মানুষের অস্থির মিল বর্তমান, কিন্তু এদের মস্তিষ্কের আকৃতি ও শরীরের উপরের অনেকটা কমলালেবুর মতো, শরীরটা সরু, দেহের দৈর্ঘ্য প্রায় পাঁচ ফুট । ওজন প্রায় ৪৫ কেজি এবং এদের হাতের গঠন কোন কিছু ধরার বা হাতিয়ার ব্যবহার করার উপযোগী । এই আবিষ্কারের ঘোষণা অনুষ্ঠানে দক্ষিণ আফ্রিকার ডেপুটি প্রেসিডেন্ট সিরিল রামফোসা বলেন আজকের দিনটি পৃথিবীর ইতিহাসে লেখা থাকবে, কারণ বিশ্ববাসী আজ নতুন ও উল্লেখযোগ্য কিছু জানতে পারল । আমরা অপেক্ষায় মানুষের জৈব বিবর্তনের ধারা কোন দিকে এগোচ্ছে, তা জানার জন্য ।

\* \* \* \*